

(লেখক ও প্রকাশক শ্রীগৌরীশঙ্কর ভট্টাচার্যকে লেখা ছয়খানি পত্র)

(১)

ঘাটশিলা

২৭শে আশ্বিন, ১৩৫৬

গৌরীশঙ্কর,

বিজয়ার আশীর্বাদ নিয়ে। বালক-বালিকাদের ও বউমাকে দিয়ে। ইছামতী সম্বন্ধেকয়েকটি তথ্য অবিলম্বে জানিও—।

১। তোমার হাতে ও ছাপানো নিয়ে মোট কত ফর্মা আছে?

২। ছাপানো বাকি ফাইল আমার পাওয়া দরকার।

৩। কি কি অধ্যায়ে কি কি ঘটনা ঘটেছে (ছাপানো ফাইল যা আমাকে পাঠিয়েছিলে তা বাদে) তার একটা সংক্ষিপ্ত বর্ণনা।

এগুলো না এলে (বিশেষত ৩নং) আমার লেখা অগ্রসর হতে পারে না, তা নিশ্চয় বুঝতেপারচো।

আমার হাতে ২০/২২ পাতার ম্যাটার রয়েছে। উপরোক্ত ইনফরমেশনগুলি সাপ্লাইকরলে বাকি লেখা অগ্রসর হবে, তৎপূর্বে যে সম্ভব নয়, তা তুমি নিজে একজন ঔপন্যাসিক হয়ে নিশ্চয় বুঝতে পারচো।

প্রমথবাবু যেদিন ফিরবেন তার হাতে দিয়ে। আর একটা শরৎসাহিত্য ও দেবসাহিত্যকুটির এবং গল্পভারতী পূজাসংখ্যা তুমি নিজে এনে বইগুলো সুমথবাবুর হাতে পাঠিয়ে দিয়ে, তোমার বউদিদি পড়তে চাইছেন। যুগান্তরও পাঠায়নি, ওখানা নাকি দোকানেই আছে।

তোমার ওপর ভার রইল।

বড়দা

(২)

বারাকপুর

প্রিয় গৌরীশঙ্কর,

তোমার পত্র পাইলাম। আমি আগামী পৌষ ও মাঘ মাসের মধ্যে একখানি নতুন শিশু উপন্যাস লিখিব। ওই বইখানি তোমাকে নিম্নলিখিত শর্তে প্রকাশ করিতে দিবঃ—

১। ওই পুস্তকের ছাপা কাগজ প্রভৃতি যাবতীয় খরচা তুমি দিবে।

২। সমস্ত খরচা উঠিলে মোট লভ্যাংশের অর্ধেক তুমি পাইবে—বাকি অর্ধেক আমার। উহাই আমার পারিশ্রমিক বলিয়া গণ্য হইবে।

৩। প্রতি বৎসরের চৈত্র মাসে আমাকে হিসাব দিবে এবং আমায় আমার পাওনা আদায়দিবে।

ইতি—

ভবদীয়

বিভূতিভূষণ বন্দ্যোপাধ্যায়

১২/১২/৪২

(৩)

মিত্রালয় পাবলিশার্স
১০ শ্যামাচরণ দে স্ট্রীট, কলিকাতা

প্রিয় গৌরীশংকর,

আমার 'দৃষ্টিপ্রদীপ' নামক উপন্যাসের প্রথম সংস্করণ নিঃশেষ হইলে দ্বিতীয় সংস্করণটি তোমাকেই প্রকাশ করিতে দিব। দ্বিতীয় সংস্করণে মোট এগার'শ কপি ছাপিবে। উহার যাবতীয় ব্যয় তুমি বহন করিবে, বিক্রয় হইলে সব খরচা, মায় ট্রেড ডিসকাউন্ট বাদে যাহা লাভ হইবেতাহার শতকরা পঞ্চাশ টাকা আমার প্রাপ্য হইবে। প্রতি বৎসর চৈত্র মাসে হিসাব ও টাকা দিবে। এই বাবদে যদি কখনো অগ্রিম কিছু টাকা প্রয়োজন হয় ত, আমি তোমার নিকট হইতে চাহিয়ালইব। আশা করি কুশলে আছো,

ইতি—

শ্রীবিভূতিভূষণ বন্দ্যোপাধ্যায়
১৮/৮/৪৩

আগামী পূজার সময় আমি সাময়িকপত্রগুলিতে যে সব গল্প লিখিব, সেইগুলি দিয়া মিত্রালয়কে একখানি গল্পের বই প্রকাশ করিতে দিব। সেই বাবদে আংশিক পাঁচিশ টাকা লইলাম।

শ্রীবিভূতিভূষণ বন্দ্যোপাধ্যায়
৮/৮/৪৪

(৪)

শ্রী গৌরীশংকর ভট্টাচার্য
মিত্রালয় সমীপে,

আমার অপরাজিত নামক উপন্যাসের চতুর্থ হইতে সপ্তম সংস্করণ পর্যন্ত তুমি প্রকাশ করিবে। এই সকল সংস্করণের যাবতীয় খরচ বাদ মোট লভ্যাংশের শতকরা পঞ্চাশ টাকাআমাকে দিবে, প্রতি বৎসর দুইবার হিসাব ও আমার প্রাপ্য টাকা দিবে।

চতুর্থ সংস্করণ বাবদ আমার প্রাপ্য রয়্যালটি হইতে অদ্য অগ্রিম আংশিক একশত টাকাপাইয়া এই রসিদ লিখিয়া দিলাম।

শ্রীবিভূতিভূষণ বন্দ্যোপাধ্যায়
২৬/৩/৪৫

আমার একটি ছোটগল্প সংগ্রহ শ্রীমান গৌরীশংকর ভট্টাচার্যকে প্রথম সংস্করণ প্রকাশ করিতে অনুমতি দিয়া ওই পুস্তকের রয়্যালটি হইতে অগ্রিম মোট কুড়ি টাকা মাত্র পাইয়া এই রসিদ লিখিয়া দিলাম।

বিভূতিভূষণ বন্দ্যোপাধ্যায়
১২ই জ্যৈষ্ঠ ১৩৫২

(৫)

বারাকপুর
বৃহস্পতিবার

গৌরীশংকর,

বেশি লেখা হয়নি। যা হয়েছে পাঠিয়ে দেব শীগ্গীর। আমার কাছে ছাপা ফাইলঅবিলম্বে পাঠাও। অত তাড়াতাড়ি ছাপলে তাড়াতাড়ি লিখতে পারব না। বাবলু ভাল আছে। আগের চিঠি পেয়েছি। কিছু টাকা দরকার। যদি রবিবারে না যাই, পাঠিয়ে দিয়ো সোমবারে। গজেনবাবুদের বোলো হিসাবের খাতা এবারে নিশ্চয় যেন শেষ করেন। এবিষয়ে কোনোশৈথিল্য যেন না করেন।

কালান্তর ওই লেখাটা চেয়েছে—টাকা দিয়ে যেন নিয়ে যায়।

আশীর্বাদ নিয়ো, বউমা ও তুমি। বালক-বালিকাদের আশীর্বাদ দিয়ো। আন্নাকেও দিয়ো।

বাবলু আজকাল আমাকে মেজদা বলে ডাকতে আরম্ভ করেছে—কারণ ওর মামা ওমাসিরা ডাকে মেজদা বলে।

বিভূতিভূষণ বন্দ্যোপাধ্যায়

৩/৯/৫০

প্যারাডাইস লজ,

মির্জাপুর স্ট্রীট,

কলিকাতা

(৬)

শ্রী গৌরীশংকর ভট্টাচার্য

গৌরীশংকর,

পাঠালুম কপি। লেখা ম্লোলি এগুচ্ছে। পূর্বের ছাপা ফাইলগুলি চাই। নতুবা আগে কি লিখেছি না পড়লে, পরে লেখা যায় না। এর হাতে ফাইলগুলো পাঠাবে। কালান্তরের জন্য ওইগল্পটি দিয়ে। এর হাতে সম্ভব হলে কিছু টাকা পাঠিয়ে দিয়ো।

গজেনবাবুদের আমার কথা বোলো। ইছামতী নিয়ে এখন ব্যস্ত আছি। তবে অততাড়াতাড়ি কপি যোগান দিতে পারব না।

পূর্বের ফাইল নিশ্চয়ই পাঠাবে।

শেষের কিছু প্রুফ আমাকে দেখাবে না? আমি সামনের সপ্তাহে সম্ভবত কলকাতায় যাব।

ইতি—

শ্রীবিভূতিভূষণ বন্দ্যোপাধ্যায়